



রেলের গ্রুপ ডি পরীক্ষা প্রস্তুতি

ভারতীয় রেলের কলকাতা, গুয়াহাটি, পাটনা ও রাঁচি সহ বিভিন্ন কারখানা/ইউনিটে ৬২,৯০৭ জন গ্রুপ ডি কর্মী নিয়োগ করা হবে। যাঁরা আবেদন করেছেন, সবার প্রস্তুতির সুবিধার জন্য এই ধারাবাহিক প্র্যাক্টিস সেট।

কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও কাগজপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় ১০০টি প্রশ্ন থাকবে ম্যাথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল সায়েন্স, জেনারেল অ্যাওয়ারেনেস (কারেন্ট অ্যাফেয়ার্স- সায়েন্স অ্যান্ড টেকনোলজি, স্পোর্টস, কালচার, পার্সোন্যালিটি, ইকোনমিক্স, পলিটিক্স এবং অন্যান্য যে-কোনো জরুরি বিষয়)– এসবের ওপর। সময় ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং থাকবে, প্রতি ৩টি ভুলের জন্য ১ নম্বর করে কাটা যাবে।

1. পাইরোমিটার কোন কাজে ব্যবহৃত হয়?

(a) বিদ্যুৎ শক্তি মাপার ক্ষেত্রে (b) উচ্চ তাপমাত্রা মাপার ক্ষেত্রে (c) সৌর বিকিরণ মাপার ক্ষেত্রে (d) দুটি বিন্দুর মধ্যকার তড়িৎ বিভব মাপার ক্ষেত্রে

2. সারদা মিশনের পরিব্রাজিকা আত্মপ্রাণার (সম্প্রতি মারা গিয়েছেন) কত বছর বয়সে মারা যান?

(a) ৯০ বছর (b) ৯৬ বছর (c) ৭৬ বছর (d) ৮০ বছর

3. মেহবুবা মুফতি ভারতের কোন রাজ্যের মুখ্যমন্ত্রী?

(a) বিহার (b) তামিলনাড়ু (c) অন্ধ্রপ্রদেশ (d) জম্মু ও কাশ্মীর

4. কোন রাজ্য সরকার 'হর্ন নট ওকে' (Horn Not Ok) নামক সচেতনতা কর্মসূচির সূচনা করে?

(a) উত্তরাখণ্ড (b) হিমাচল প্রদেশ (c) গুজরাট (d) কেরালা

5. সম্প্রতি মুম্বই রেলওয়ে স্টেশনের নাম বদলে করা হয়েছে দীনদয়াল উপাধ্যায় রেল স্টেশন। এই রেল স্টেশনটি কোন রাজ্যে অবস্থিত?

(a) বিহার (b) উত্তর প্রদেশ (c) উত্তরাখণ্ড (d) দিল্লি

6. নির্মলা সীতারামন বর্তমানে

(a) পশ্চিমবঙ্গের প্রতিরক্ষামন্ত্রী (b) কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচারমন্ত্রী (c) কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী (d) ভারত সরকারের বিদেশ সচিব

7. 'মৈত্রী ২০১৮' (জয়েন্ট মিলিটারি এক্সারসাইজ) সম্প্রতি ভারত ও কোন দেশের মধ্যে শুরু হয়েছে?

(a) থাইল্যান্ড (b) নেপাল (c) শ্রীলঙ্কা (d) ভিয়েতনাম

8. বাসক পাতার নির্যাস নীচের কোন ধরনের অসুখ সারাতে ব্যবহার করা হয়?

(a) সর্দি ও কাশি (b) কলেরা (c) ম্যালেরিয়া (d) কোনোটি সঠিক নয়

9. ঘুমন্ত অবস্থায় মানুষের রক্তচাপ

(a) বৃদ্ধি পায় (b) হ্রাস পায় (c) বাড়ে-কমে (d) একই থাকে

10. সূজানের স্বামী সৌমেন। সৌমেনের মা অমৃতা। অমৃতার নন্দ অহনা। অহনার একমাত্র দাদ শুভম সূজানের কে হয়?

(a) স্বশুর (b) মামাশুর (c) দাদা (d) দেওর

11. হিমাচল প্রদেশ সরকার মেয়েদের সুরক্ষার জন্য কোন অ্যাপ চালু করে?

(a) মহিলা শক্তি (b) নারী শক্তি (c) শক্তি (d) জাগো নারী

12. জৈব জ্বালানী জাতীয় নীতি বাস্তবায়নে কোন রাজ্য প্রথম স্থানে রয়েছে?

(a) কেরালা (b) ঝাড়খণ্ড (c) রাজস্থান (d) পাঞ্জাব

13. দ্য ইউনাইটেড নেশন'স ই-গভর্নমেন্ট ডেভেলপমেন্ট ইনডেক্স (EGDI 2018) ভারতের স্থান কত?

(a) ১০০ (b) ৮৮ (c) ৭৫ (d) ৯৬

14. রাজস্থানের কোন জেলায় প্রথম গরু অভয়ারণ্য তৈরি করা হবে?

(a) বিকানীর (b) যোধপুর (c) জয়পুর (d) হনুমানগড়

15. ঝালাইয়ের কাজে কী ব্যবহৃত হয়?

(a) ইথিলিন (b) মিথেন (c) বেঞ্জিন (d) অ্যাসিটিলিন

16. দুই প্রকার স্টেনলেস স্টিলে ক্রোমিয়াম ও স্টিলের অনুপাত যথাক্রমে 2 : 11 এবং 5 : 21। এই দুই প্রকার স্টেনলেস স্টিল কী অনুপাতে মিশালে নতুন স্টেনলেস স্টিলে ক্রোমিয়াম ও স্টিলের অনুপাত 7 : 32 হবে?

(a) 1 : 2 (b) 1 : 1 (c) 2 : 1 (d) 3 : 2

17. একজন 5% লাভে একটি জিনিস বিক্রি করেন। যদি তিনি 240 টাকা অধিক মূল্যে জিনিসটি বিক্রি করতেন, তাঁর 8% লাভ হত। জিনিসটির ক্রয়মূল্য কত?

(a) 6000 টাকা (b) 7000 টাকা (c) 9000 টাকা (d) 8000 টাকা

18. থার্মোমিটার: তাপমাত্রা:: গ্লুকোমিটার:

(a) বডি শুগার (b) বডি রেজিস্ট্যান্স (c) রক্ত (d) ব্লাড শুগার

19. চেতনানাশক হিসেবে কী ব্যবহৃত হয়?

(a) ক্লোরোফর্ম (b) ইথিলিন (c) ক্লোরোফর্ম ও ইথিলিন দুটোই (d) কোনোটি সঠিক নয়

20. কর্মণ কাউর খান্ডি কিসের খেলোয়াড়?

(a) টেনিস (b) হকি (c) ব্যাডমিন্টন (d) বাস্কেটবল

21. ইউ-ফ্রাস চ্যানেলে প্রথম এশিয়ান হিসেবে কোন সাঁতারুকে চিহ্নিত করা হয়?

(a) স্বপন কুমার (b) প্রভাত কোলি (c) শরদ তিওয়ারি (d) সৌরভ ভর্মা

22. কোন রাজ্য সরকার রিসার্চ এবং বৈজ্ঞানিক পড়াশোনার জন্য 'আইহাব' (IHub- The Intelligent hub) তৈরি করেছে?

(a) হিমাচল প্রদেশ (b) তেলেঙ্গানা (c) তামিলনাড়ু (d) অন্ধ্রপ্রদেশ

23. ২০১৮ বিশ্ব হেপাটাইটিস দিবসের থিম কী?

(a) Hepatitis: Think Again (b) Eliminate Hepatitis (c) Test Treat Hepatitis (d) Know Hepatitis-Act now

24. পবন শাহ কোন খেলার সঙ্গে যুক্ত?

(a) ব্যাডমিন্টন (b) ক্রিকেট (c) হকি (d) বাস্কেটবল

25. কোনো একটি গ্যাসকে উচ্চচাপ অঞ্চল থেকে নিম্নচাপ অঞ্চলে সম্প্রসারিত করলে তাপমাত্রা.....

(a) বৃদ্ধি পায় (b) হ্রাস পায় (c) কোনও ক্ষেত্রে বাড়ে কোনও ক্ষেত্রে কমে (d) অপরিবর্তিত থাকে

26. এক ব্যক্তি নিজের সঞ্চিত অর্থ ছাড়া কোনো সংস্থা থেকে বার্ষিক 8% হার সুদে 15000 টাকা ধার করে একটি বাড়ি তৈরি করে তাতে ভাড়াতে বসান। মাসিক কত টাকায় ভাড়া দিলে 10 বছরে ওই ব্যক্তির ঋণ সুদে-আসলে শোধ হবে?

(a) 224 টাকা (b) 220 টাকা (c) 225 টাকা (d) 220 টাকা

27. কোন ভারতীয় গল্ফ খেলোয়াড় ২০১৮ ফিজি ইন্টারন্যাশনাল গল্ফ টাইটেল জেতেন?

(a) গগনজিৎ ভুল্লর (b) অর্জুন আটওয়াল (c) অজীতেশ সাঁধু (d) শিব কাপুর

28. 'ইন্ডিয়া টুরিজম মার্ট' কোন শহরে অনুষ্ঠিত হয়েছে?

(a) নয়াদিল্লি (b) লক্ষ্ণৌ (c) পুণে (d) পানাজি

29. ২০১৮ সালে ১৪তম মহিলা হকি বিশ্বকাপে কোন দেশ জেতে?

(a) স্পেন (b) নেদারল্যান্ডস (c) আয়ারল্যান্ড (d) অস্ট্রেলিয়া

30. বিএনপি কোন দেশের বৃহত্তম রাজনৈতিক দল?

(a) বাংলাদেশ (b) সৌদি আরব (c) ভুটান (d) পাকিস্তান

ANSWERS

1. (b) 2. (b) 3. (d) 4. (b) 5. (b) 6. (c) 7. (a) 8. (a) 9. (c) 10. (a) বিশ্লেষণ: মায়ের নন্দ অর্থাৎ সৌমেনের পিসি অহনা। পিসির একমাত্র দাদা শুভম সৌমেনের বাবা। সূজান সৌমেনের স্ত্রী, অর্থাৎ শুভম সূজানের স্বশুর। 11. (d) 12. (c) 13. (d) 14. (a) 15. (d) 16. (a) মনে করুন, প্রথম প্রকার স্টেনলেস স্টিলের x কেজির সঙ্গে দ্বিতীয় প্রকারের y কেজি মেশাতে হবে।

প্রথম প্রকার স্টেনলেস স্টিলের x কেজিতে

$$\text{ক্রোমিয়াম আছে} = \frac{2}{13}x \text{ কেজি}$$

$$\text{এবং স্টিল আছে} = \frac{11}{13}x \text{ কেজি}$$

দ্বিতীয় প্রকার স্টেনলেস স্টিলের y কেজিতে,

$$\text{ক্রোমিয়াম আছে} = \frac{5}{26}y \text{ কেজি}$$

এবং স্টিল আছে = $\frac{21}{26}y$ কেজি

নতুন স্টেনলেস স্টিলে, ক্রোমিয়াম থাকবে $\left(\frac{2}{13}x + \frac{5}{26}y\right)$ কেজি

এবং স্টিল থাকবে $\left(\frac{11}{13}x + \frac{21}{26}y\right)$ কেজি

শর্তানুযায়ী, $\frac{\frac{2}{13}x + \frac{5}{26}y}{\frac{11}{13}x + \frac{21}{26}y} = \frac{7}{32}$

বা, $\frac{4x+5y}{22x+21y} = \frac{7}{32}$ বা, $\frac{4x+5y}{22x+21y} = \frac{7}{32}$

বা, $32(4x + 5y) = 7(22x + 21y)$
বা, $128x + 160y = 154x + 147y$

বা, $154x - 128x = 160y - 147y$ বা, $26x = 13y$

বা, $2x = y \therefore \frac{x}{y} = \frac{1}{2}$

\therefore প্রথম প্রকার স্টেনলেস স্টিল: দ্বিতীয় প্রকার স্টেনলেস স্টিল = 1 : 2

অর্থাৎ প্রথম প্রকার স্টেনলেস স্টিল ও দ্বিতীয় প্রকার স্টেনলেস স্টিলকে 1 : 2

অনুপাতে মেশাতে হবে।

17. (d) মনে করুন, জিনিসটির ক্রয়মূল্য = x টাকা
100 টাকায় লাভ = 5 টাকা

$\therefore 1 \quad \text{''} \quad \text{''} = \frac{5}{100} \quad \text{''}$

$\therefore x \quad \text{''} \quad \text{''} = \frac{5 \times x}{100} = \frac{x}{20}$ টাকা

\therefore বিক্রয়মূল্য = $x + \frac{x}{20} = \frac{21x}{20}$ টাকা

আবার, 100 টাকার লাভ 8 টাকা

$\therefore 1 \quad \text{''} \quad \text{''} = \frac{8}{100}$ টাকা

$\therefore x \quad \text{''} \quad \text{''} = \frac{8 \times x}{100} = \frac{2x}{25}$ টাকা।

\therefore এক্ষেত্রে বিক্রয়মূল্য = $x + \frac{2x}{25} = \frac{27x}{25}$ টাকা।

শর্তানুসারে, $\frac{27x}{25} - \frac{21x}{20} = 240$

বা, $\frac{108x-105x}{100} = 240$

বা, $\frac{3x}{100} = 240$

$\therefore x = \frac{100 \times 240}{3} = 8000$

\therefore জিনিসটির ক্রয়মূল্য = 8000 টাকা।

18. (d) বিশ্লেষণ: থার্মোমিটার মানবদেহের তাপমাত্রা মাপতে ব্যবহার করা হয়। একইভাবে থার্মোমিটার মানবদেহে রক্তে শর্করা অর্থাৎ গ্লুকোজ মাপতে ব্যবহার করা হয়। 19. (a) 20. (a) 21. (b) 22. (d) 23. (c) 24. (d) 25. (c) 26. (c)

ব্যক্তি 8% হারে সরল সুদে 15000 টাকা ধার করেন।

100 টাকার 1 বৎসরের সুদ 8 টাকা

আসল সময় সুদ

100 1 8

15000 10 ?

আসলের সঙ্গে মোট সুদের সরল সম্পর্ক। ভগ্নাংশটি 1-এর চেয়ে বড়ো।

অর্থাৎ $\frac{15000}{100}$ ।

সময়-এর সঙ্গে সুদের সরল সম্পর্ক। ভগ্নাংশটি 1-এর চেয়ে বড়ো $\frac{10}{1}$

\therefore নির্ণেয় সুদ = $8 \times \frac{10}{1} \times \frac{15000}{100} = 12000$ টাকা

সুদে-আসলে মোট = (15000 + 12000) টাকা = 27000 টাকা

10 বৎসর = 12×10 মাস = 120 মাস

\therefore সুদে-আসলে সমস্ত টাকা শোধ করলে তাঁর মাসিক বাড়ি ভাড়া দরকার =

$\frac{27000}{120} = 225$ টাকা

\therefore মাসিক বাড়ি ভাড়া = 225 টাকা।

27. (a) 28. (a) 29. (b) 30. (a)